

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৫.১৮-১৯৮


তারিখঃ ২৩/০৬/২০২০ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির মাঠ পর্যায়ে ঋণের কিস্তি আদায় দেশব্যাপী নভেল করোনাভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব এর কারণে অনেকাংশে কমে যাওয়ায় কর্মকর্তা কর্মচারীদের বেতনভাতা খাতে অর্জিত আয় প্রয়োজনের তুলনায় কম হওয়ায় কর্মচারীদের জীবিকা নির্বাহের জন্য মানবিক বিবেচনায় যে সকল কর্মচারীদের বিপরীতে স্থগিতকৃত বেতনভাতার তহবিল রয়েছে শুধুমাত্র তাঁদেরকে স্ব স্ব স্থগিতকৃত বেতনভাতা হতে মাসিক ভিত্তিতে নিম্নোক্ত শর্তে ফেরত প্রদানের নির্দেশনা দেয়া হলো।

- ক) যে সকল কর্মচারীর স্থগিতকৃত বেতনভাতা তহবিল রয়েছে এবং বেতনভাতা খাতে অর্জিত তহবিলে ঘাটতি রয়েছে তাঁদের মাসিক বেতনভাতা পরিশোধের ক্ষেত্রে বেতনভাতা খাতে অর্জিত তহবিলে ঘাটতির সমপরিমাণ অর্থ স্থগিতকৃত বকেয়া বেতনভাতা হতে মাসিক ভিত্তিতে ফেরত প্রদান করা যাবে। তবে কোন কর্মচারীর স্থগিতকৃত বকেয়া বেতনভাতা হতে মাসিক ১০০০০.০০ টাকার বেশী ফেরত প্রদান করা যাবে না;
- খ) বেতনভাতা খাতে অর্জিত তহবিল না থাকলে সংশ্লিষ্ট কর্মচারীর স্থগিতকৃত বেতনভাতা হতে মাসিক সর্বোচ্চ ১০০০০.০০ টাকা হারে ফেরত প্রদান করা যাবে;
- গ) ইদুল ফিতর/২০২০ উৎসব উপলক্ষ্যে অগ্রীম প্রদানকৃত ০১টি উৎসব ভাতা ও উৎসব কেন্দ্রিক ০১ মাসের বেতনভাতা ব্যতীত পূর্ববর্তী সময়ে গৃহীত কোন অগ্রীম থাকলে তা স্থগিতকৃত বকেয়া বেতনভাতার অর্থ হতে আবশ্যিকভাবে সমন্বয় করতে হবে;
- ঘ) উপরোক্ত শর্ত প্রতিপালনপূর্বক স্থগিতকৃত বকেয়া বেতনভাতা ফেরত প্রদানের সময় ইউআরডিও কর্তৃক ক্যাশবহি, লেজারসহ সংশ্লিষ্ট হিসাব যাচাইপূর্বক সংশ্লিষ্ট কর্মচারীর প্রকৃত স্থগিতকৃত বেতনভাতার সঠিক হিসাব নিরূপন করতে হবে। এক্ষেত্রে কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;
- ঙ) বদলীকৃত কর্মচারীর ক্ষেত্রে তাঁর পূর্ববর্তী কর্মস্থলে কোন স্থগিতকৃত বেতনভাতার তহবিল থাকলে তা তাঁর বর্তমান কর্মস্থলে প্রকল্প/কর্মসূচির সংশ্লিষ্ট হিসাবের শিরোনামে ক্রস চেকের মাধ্যমে স্থানান্তর করতে হবে এবং সংশ্লিষ্ট কর্মচারীর বিপরীতে স্থানান্তরিত তহবিল উপরোক্ত শর্ত প্রতিপালনপূর্বক ফেরত প্রদান করা যাবে।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো। এ আদেশ জারির ফলে বেতন ভাতা স্থগিত সংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত সকল আদেশ বাতিল বলে গণ্য হবে।


মোহাম্মদ শৌকতুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত ১৫টি জেলা)
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (কর্মসূচি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- ।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- ।
৬. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।